DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 22 Nov 2026, 06:29 PM

সারাদেশ

কবীর আহমেদ ভূঁইয়াকে সফেন ফ্যামিলির আজীবন সম্মাননা

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ০৯ নভেম্বর ২০২৬, ১০:৪৪ PM



ব্রাহ্মণবাড়িয়ার কৃতী সন্তান, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ব্যবসায়ী ও সমাজসেবক আলহাজ্ব কবীর আহমেদ ভূঁইয়াকে আজীবন সম্মাননা দিয়েছে সফেন (সোসাইটি ফর এনলাইটেন নেশন) ফ্যামিলি। সম্প্রতি রাজধানীতে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে তাঁর হাতে এ সম্মাননা তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিদের ঐক্যবদ্ধ করার লক্ষ্যে আয়োজিতব্য আন্তর্জাতিক ক্রিকেট প্রতিযোগিতা □এক্সপ্যাট ওয়ার্ল্ড কাপ ২০২৭□ নিয়েও আলোচনা হয়। অস্ট্রেলিয়াভিত্তিক প্রতিষ্ঠান এবি মিডিয়া গ্রুপের উদ্যোগে বিশ্বের ৩০টি দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের অংশগ্রহণে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

আয়োজকেরা জানান, প্রবাসী বাংলাদেশিদের মধ্যে ঐক্য, সম্প্রীতি ও পারস্পরিক যোগাযোগ জোরদার করাই এ উদ্যোগের মূল লক্ষ্য। প্রকল্পটির অন্যতম উদ্যোক্তা কবীর আহমেদ ভূঁইয়া প্রবাসীদের একটি অভিন্ন প্ল্যাটফর্মে একত্র হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে কবীর আহমেদ ভূঁইয়া বলেন, প্রবাসীদের ঐক্যবদ্ধ করা এখন সময়ের দাবি। বিদেশে বসবাসরত প্রায় দুই কোটি বাংলাদেশির সঙ্গে দেশের মানুষের সরাসরি যোগসূত্র স্থাপন করা প্রয়োজন। বর্তমান সময় চ্যালেঞ্জিং হলেও সামনে আরও বড় সুযোগ রয়েছে।

তিনি বলেন, “আমাদের তিন প্রজন্মকে সমন্বয় করতে হবে, যাতে জাতির জন্য আরও ভালো কিছু করা সম্ভব হয়। নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করে এই এগিয়ে যাওয়ার পথে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বব্যাংকের কনসালট্যান্ট ও কলামিস্ট বেলাল উদ্দিন সরকার তুহিন, কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলা বিএনপির সভাপতি সৈয়দ সাঈদ আহমেদ, বিজ্ঞাপনী প্রতিষ্ঠান “বিবাহ”র মার্কেটিং ডিরেক্টর ড. আমিনুল ইসলাম এবং গাজীপুরের বিশিষ্ট ব্যবসায়ী জায়দুল কবির ভাঙ্গী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাংবাদিক সঞ্জীব ভট্টাচার্য্য।

এ সময় বক্তারা দৈনিক বাংলাদেশ সমাচার ও বাংলাদেশ ডায়েরির সম্পাদক ড. খান আসাদুজ্জামানের বহুমাত্রিক কর্মময় জীবনের প্রশংসা করেন। তাঁরা বলেন, প্রতিকূল পরিস্থিতিতেও গণমাধ্যমকর্মীদের সঙ্গে নিয়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে চলেছেন তিনি, যা প্রশংসনীয়।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kbir-ahmed-bhunijake-sfen-fjamilir-ajibn-smmanna